নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganjpbs2@gmail.com



স্মারক নং- ২৭.১২.৬৭৬৮.৫৭৯.০১.০০৮.২৬-৩৭১৭

তারিখ: ৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত মালামাল "যেখানে যে অবস্থায় আছে" সেই অবস্থায়ই নিলাম দরপত্রের মাধ্যমে বিক্রির জন্য নিম্নোল্লেখিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে পূর্ণ ঠিকানা সম্বলিত সাদা কাগজ/নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ-

| মালামালের বিবরণ ও পরিমাণ | | দরপত্র দলিলের মূল্য,অফেরৎযোগ্য | দরপত্র জামানত ফেরৎযোগ্য (টাকা) | দরপত্র দলিল বিক্রয় ও খোলার স্থান | দরপত্র বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| ক | **মোটর সাইকেল:- ০৭ টি** মডেল:- হোন্ডা পাকিস্তান, সিজি-১২৫ | ৫০০.০০ (পাঁচশত) টাকা | দাখিলকৃত মূল্যের ২৫% টাকা | সদর দপ্তর নারায়ণগঞ্জ পবিস-২ ও পরিচালক, পবিস মনিঃ ও ব্যাঃ পঃ (কেঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | ২৩/০৮/২০২৬ খ্রি. হতে ০৬/০৯/২০২৬ খ্রি. অফিস চলাকালীন পর্যন্ত | গ্রহণঃ- ০৭/০৯/২০২৬ খ্রি. বেলা ১১:০০ টা পর্যন্ত |
| ক | **মোটর সাইকেল:- ২৪ টি** মডেল:- জংশেন চায়না, জেডএস-১২৫ | | | | | |
| খ | পুরাতন বিদ্যুৎ বিল ও অন্যান্য কাগজাদি | | | | | খোলাঃ ০৭/০৯/২০২৬ খ্রি. বেলা ১১:০৫ টা |

শর্তাবলীঃ

০১।। আগ্রহী দরদাতাগণ **নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ **নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২** এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) **নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর,** (২) পরিচালক, পবিস মনিঃ ও ব্যাঃ পঃ (কেঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ / প্রেরণ করা হবে না।

০২।। দরপত্রসমূহ সিডিউলে উল্লেখিত স্থানে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩।। দরপত্র গ্রহণের ক্ষেত্রে গ্রুপ:-(ক) এর দরদাতাদের **আলাদা আলাদাভাবে প্রতিটি মোটর সাইকেলের জন্য** দাখিলকৃত/উদ্ধৃত সর্বোচ্চ দরকে গৃহীত দর বলে বিবেচনা করা হবে। তবে নিলাম বিজ্ঞপ্তির একক/সকল মোটর সাইকেলের ক্ষেত্রে অনুমোদিত প্রাক্কলিত বিক্রয় মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না। দরদাতাদের পুরাতন বাতিল বিদ্যুৎ ফরম ও অন্যান্য কাগজাদি ক্রয়ের জন্য দাখিলকৃত/উদ্ধৃত সর্বোচ্চ দরকে গৃহীতদর বলে বিবেচনা করা হবে। তবে নিলাম বিজ্ঞপ্তির গ্রুপ:-(খ) এর ক্ষেত্রে ও একইভাবে অনুমোদিত প্রাক্কলিত বিক্রয় মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না।

০৪।। সীল মোহরকৃত নিলাম দরপত্র খামের উপরে স্পষ্টাক্ষরে গ্রুপ:-(ক) এর দরদাতাদের **" মোটর সাইকেল নং-----ক্রয়ের নিলাম দরপত্র"** অথবা **"মোটর সাইকেল নং -------- , -------- বা সকল মোটর সাইকেল ক্রয়ের নিলাম দরপত্র"** স্পষ্ট করে উল্লেখ করতে হবে। গ্রুপ:-(খ) এর দরদাতাদের পুরাতন বাতিল বিদ্যুৎ ফরম ও অন্যান্য কাগজাদি ক্রয়ের জন্য নিলাম দরপত্র স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া / ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্বৃত্ত দর **অংকে ও কথায়** লিখতে হবে। শর্ত বহির্ভূত কোন প্রকার সমস্যার উদ্ভব হলে সে ক্ষেত্রে নারায়ণগঞ্জ পবিস-২ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৫।। নিলাম দরপত্র দলিলে দরদাতা কর্তৃক উল্লেখিত (ক এবং খ) গ্রুপের আলাদা / একত্রে সর্বমোট মূল্যের ২৫% অর্থ নিরাপত্তা জামানত হিসেবে **নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২** এর অনুকুলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

০৬।। কৃতকার্য নিলাম দরপত্র দাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মুল্য নগদ /পে অর্ডার / ব্যাংক ড্রাফট ( নগদায়ন সাপেক্ষ্যে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত গ্রুপসমূহের ( যে যেই গ্রুপে অংশ গ্রহণ করবে) মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য করা হবে।

০৭।। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মোটরসাইকেল / পুরাতন বিল ফরম ও কাগজাদি গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী উৎসকর এবং ভ্যাট আলাদাভাবে জমা প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টমানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮।। পুরাতন বিদ্যুৎ বিল ও অন্যান্য কাগজাদি ০৫/০৯/২০২৬ খ্রি. অফিস চলাকালীন পর্যন্ত **নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২** এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে, মোটর সাইকেল আড়াইহাজার স্টোরে পরিদর্শন করা যাবে। এই বিষয়ে সদর দপ্তর **নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২** এর প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৯।। বর্ণিত মোটর সাইকেল/ কাগজসমূহ অপসারণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।

১০।। কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

23.08.2026

মোঃ আবুল বাশার আজাদ
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ-নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ</u>

০১। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, নারায়ণগঞ্জ ।
০২। পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ), পরিদপ্তর,বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, নারায়ণগঞ্জ ।
০৬। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/ সড়ক ও জনপথ বিভাগ),নারায়ণগঞ্জ।
০৭। ডিজিএম, সকল জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-২।
০৮। এজিএম (অর্থ-হিসাব)/(ওএন্ডএম) সকল সাব জোনাল অফিস নারায়ণগঞ্জ পবিস-২।
০৯। সহকারী প্রকৌশলী(এসওডি),বাপবিবো,নারায়ণগঞ্জ।(নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
১০। এজিএম (আইটি-ওএন্ডজি),নারায়ণগঞ্জ পবিস-২। (পবিস ও বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড/ অফিসকপি/মাস্টার কপি।

23/08/26

(মোঃ সেলিম রেজা )
এজিএম (প্রশাসন)
মোবাইলঃ-০১৭৬৯৪০২১৪৯